

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 07.10.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর -

- ১) কলকাতা হাইকোর্টের নির্দেশ অনুযায়ী জয়নগরের নির্যাতিতা শিশুর ময়নাতদন্ত কল্যাণীর JNM মেডিক্যাল কলেজ হাসপাতালে সম্পন্ন হয়েছে। বিজেপি জয়নগর কান্ডে কেন্দ্রীয় দল পাঠানোর আবেদন জানিয়েছে।
- ২) রাজ্য সরকার বীরভূমের খয়রাশোলে কয়লা খনি বিস্ফোরণের ঘটনায় মৃতদের পরিবার প্রতি ৩২ লক্ষ টাকা করে অর্থ সহায়তা দেবে। পরিবারের একজনকে দেওয়া হবে হোমগার্ডের চাকরী। ডিটোনেটর বোরাই ট্রাকে বিস্ফোরণে মৃত্যু হয়েছে ৬ শ্রমিকের।
- ৩) আরজি করে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার ৫৮ দিনের মাথায় প্রথম চার্জশিট পেশ করেছে সিবিআই। চলছে জুনিয়ার ডাক্তারদের অনশন কর্মসূচী। আগামীকাল মহামিছিলের ডাক দেওয়া হয়েছে।
- ৪) পঞ্জিকা মতে দুর্গাপুজো শুরু না হলেও মন্ডপে মন্ডপে ক্রমশ বাড়ছে দর্শণার্থীদের ভিড়।
- ৫) সংঘর্ষদীর্ঘ ইরানে খেলতে না যাওয়ায় শাস্তি হিসাবে এএফসি টু চ্যাম্পিয়ান্স লিগ থেকে বাদ পড়েছে মোহনবাগান।

কলকাতা হাইকোর্টের নির্দেশ অনুযায়ী জয়নগরের নির্যাতিতা শিশুর ময়নাতদন্ত
কল্যাণীর JNM মেডিক্যাল কলেজ হাসপাতালে শেষ হয়েছে। কল্যাণী এইমসের
চিকিৎসকদের তত্ত্বাবধানে এবং বারঙ্গুপুর মহকুমা আদালতের ACJM-এর উপস্থিতিতে
ময়নাতদন্ত হয়। পুরো প্রক্রিয়াটির ভিডিওগ্রাফি'ও করা হয়েছে। সেখানে ছিলেন শিশুটির
পরিবারের সদস্যরা। কল্যাণীর বিধায়ক অস্থিকা রায় সেখানে ঘান। আমাদের জেলা
সংবাদদাতার একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জয়নগরের কুলতলির ঘটনার তদন্তে কেন্দ্রের
প্রতিনিধি দল পাঠাবার আর্জি জানিয়েছেন। নারী ও শিশু কল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবীকে
লেখা এক চিঠিতে শ্রী মজুমদার বলেন, জয়নগরে মহিলা ও শিশুরা নিরাপদ নয়। সমাজ
বিরোধীদের জন্য সংস্কার সময় ঐ এলাকায় ভয়ের পরিবেশ তৈরি হয়েছে বলে স্থানীয়
মানুষ তার কাছে অভিযোগ করেছেন। অবিলম্বে সমগ্র বিষয়টি খতিয়ে দেখতে মন্ত্রকের
প্রতিনিধি দল জয়নগরে পাঠাবার জন্য শ্রী মজুমদার, আবেদন জানান।

এদিকে, বিজেপি কুলতলির ঘটনায় পুলিশের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ এনে
রাজ্য প্রশাসনকে ধিক্কার জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের
জাতীয় মুখ্যপাত্র ভারতী ঘোষ অভিযোগ করেন, শুধুমাত্র জয়নগরের বা আরজিকর
নয়, রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রতিদিন এই ধরনের ঘটনা ঘটছে এবং পুলিশের ব্যর্থতা
প্রকাশ্যে আসছে। কোন শিশু নিখোঁজ হলে পরিবারের তরফে অভিযোগ জানাতে গেলে
সেই মুহূর্তে এফআইআর গ্রহণ করার জন্য সুপ্রিম কোর্টের নির্দেশিকা থাকা সত্ত্বেও
পুলিশ এই ঘটনায় এফআইআর গ্রহণ করেনি। এই ঘটনায় জেলার পুলিশ সুপার কি
পদক্ষেপ নিয়েছেন শ্রীমতি ঘোষ সে বিষয়ে প্রশ্ন তোলেন। উপযুক্ত পদক্ষেপ না নেওয়া
হলে প্রয়োজনে বিজেপি আদালতের দ্বারা স্থত হবে বলেও তিনি জানান।

বীরভূমের খয়রাশোলে কয়লা খনি বিস্ফোরণের ঘটনায় মৃতদের পরিবার পিছু রাজ্য সরকার ৩২ লক্ষ টাকা করে অর্থ সহায়তা দেবে। একইসঙ্গে প্রতিটি পরিবারের একজনকে হোমগার্ডের চাকরি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ নবাম্বে মুখ্যসচিব মনোজ পন্থ জানান, আহতদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। শ্রী পন্থ বলেন, ঘটনার পরই প্রশাসন ও বিদ্যুত্ দপ্তরের আধিকারিকরা সেখানে পৌঁছন। উপযুক্ত পদক্ষেপ গ্রহণের পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনের অধীনে থাকা এই খনিতে কিভাবে দুর্ঘটনা ঘটল, তা খতিয়ে দেখা হচ্ছে। জেলা প্রশাসনের কাছ থেকে বিস্তারিত রিপোর্ট চাওয়া হয়েছে। মুখ্যসচিব বলেন, বিদ্যুত্ উন্নয়ন নিগমের তরফ থেকে ৩০ লক্ষ টাকা আর্থিক সাহায্য ছাড়াও রাজ্য সরকারের পক্ষ থেকে ২ লক্ষ টাকা করে দেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

আগেই জানানো হয়েছে, আজ সকালে সাড়ে ১০ টা নাগাদ কয়লাখনিতে বিস্ফোরণ ঘটানোর জন্য ব্যবহৃত ডিটোনেটার ট্রাক থেকে নামানোর সময় প্রবল বিস্ফোরণ ঘটে। একটি বেসরকারি সংস্থা লিজ নিয়ে এই খনন কাজ চালাচ্ছিল। বিস্ফোরণের তীব্রতা এতটা ছিল যে, সেখানে উপস্থিত শ্রমিকদের দেহ ছিন্ন ভিন্ন হয়ে যায়। প্রায় ৫০০ মিটার দূরে গিয়ে পড়ে দেহাংশ। শ্রমিকদের পরিবারের পক্ষ থেকে পুলিশের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। ঘটনায় ৬ শ্রমিকের মৃত্যু হলেও বেসরকারি মতে মৃতের সংখ্যা আরও বেশি।

উত্তরবঙ্গে পাহাড়ের চা বাগানগুলির শ্রমিকদের বোনাসের বিষয়টি নিয়ে আগামী মাসের ৬ তারিখ ত্রিপাক্ষিক বৈঠক হবে। কলকাতায় শ্রম দপ্তরে আয়োজিত ওই বৈঠকে রাজ্য, চা বাগান মালিক এবং শ্রমিক সংগঠনের প্রতিনিধিদের যোগ দেবার কথা। কয়েকদিন ধরে পাহাড়ের চা বাগানগুলিতে কর্মবিরতি চলায় রাজ্য সরকারের

তরফে ওই বৈঠকের ডাক দেওয়া হয় বলে শ্রমিক সংগঠন AICCTU এর নেতা বাসুদেব বসু জানিয়েছেন।

উল্লেখ্য, এবছর প্রথম থেকেই বোনাস নিয়ে মালিকপক্ষ ও শ্রমিক সংগঠনগুলি নিজেদের অবস্থানে অনড়। ২০ শতাংশ বোনাসের দাবি, মালিকপক্ষের অনমনীয় মনোভাব ও রাজ্য সরকারের উদাসীনতার বিরুদ্ধে গত ৩০শে সেপ্টেম্বর ১২ ঘন্টার বন্ধ পালিত হয়, যা সর্বাত্মক চেহারা নেয়। এর মধ্যেই রাজ্য সরকার ১৬% বোনাসের প্রস্তাব দিলে পাহাড়ের শ্রমিকরা সেই প্রস্তাব খারিজ করে। শুরু হয় কর্মবিরতি ও বাগানের মালিকের বাংলো ঘেরাও।

আরজি করে পুড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার ৫৮ দিনের মাথায় প্রথম চার্জশিট পেশ করেছে সিবিআই। শিয়ালদহ আদালতে আজ ৪৫ পাতার চার্জশিট দাখিল করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। সিবিআই সূত্রের দাবি, ডাঙ্গারি ছাত্রীকে ধর্ষণ-খুনের মামলায় মূল অভিযুক্ত হিসাবে চার্জশিটে নাম রয়েছে ধৃত সিভিক পুলিশ সঞ্জয় রাইয়ের। একই সঙ্গে তথ্যপ্রমাণ লোপাটের সপক্ষে একাধিক নথি ও আদালতে দাখিল করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

এর প্রেক্ষিতে জুনিয়ার ডাঙ্গার দেবাশিস হালদার জানান, এটি প্রাথমিক চার্জশিট। এখনই এব্যাপারে মন্তব্য করা সম্ভব নয়।

এদিকে, আর জি কর কান্ডের প্রতিবাদে রাত দখলের কর্মসূচী চলাকালীন ঐ মেডিকেল কলেজে হামলার ঘটনায় অভিযুক্ত ৮৮ জনের অন্তর্বর্তী জামিন মঞ্জুর করা হয়েছে।

অন্যদিকে, নির্যাতিতার নাম প্রকাশ্যে উল্লেখ করায় কলকাতার প্রাত়ন পুলিশ কমিশনার বিনীত গোয়েলের বিরুদ্ধে এফআইআর দায়ের করার আর্জি জানিয়ে কলকাতা

হাইকোর্টে যে মামলা চলছে, তাতে কেন্দ্রের কর্মীবর্গ ও প্রশিক্ষণ দপ্তরকে ঘৃত্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরটি বর্তমানে প্রধানমন্ত্রীর হাতে রয়েছে। আইপিএস বিনীত গোয়েল কেন্দ্রীয় ক্যাডারের আধিকারিক হওয়ায় এই নির্দেশ দেন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি বিভাস পট্টনায়েকের ডিভিশন বেঞ্চ।

আর জি কর কাণ্ডে ন্যায় বিচার চেয়ে এবং নিরাপত্তার দাবিতে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের অনশন তুলে কাজে ফেরার বার্তা দিলেন মুখ্য সচিব মনোজ পন্থ। নবান্নে আজ তিনি জানান, সুপ্রিম কোর্টের গাইডলাইন মেনে রাজ্য সরকার দ্রুতগতিতে কাজ করছে। সামগ্রিকভাবে ১০ই অক্টোবরের মধ্যে ৯০ শতাংশ কাজ শেষ হয়ে যাবে। ১৫ তারিখের মধ্যে সমস্ত ব্যবস্থা চালু হবে। এই মুহূর্তে সিসিটিভির কাজ ৪৫ শতাংশ শেষ হয়ে গেছে। বিশ্রাম কক্ষ, ওয়ার্ক রুম, এবং অতিরিক্ত আলো লাগানোর কাজও অর্ধেকের বেশি সম্পন্ন। মোট ১১৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। প্রয়োজনে আরো অর্থ বরাদ্দ করা হবে। সব ঠিকঠাক থাকলে পয়লা নভেম্বরের থেকেই প্যানিক বটন চালু হয়ে যাবে। সাধারণ মানুষকে পরিষেবা দেওয়ার স্বার্থেই চিকিৎসকদের কাজে ফেরার আহ্বান জানান তিনি।

বাইট - পন্থ

অন্যদিকে, আরজিকর কাণ্ডের ন্যায় বিচার সহ ১০ দফা দাবিতে ধর্মতলা চতুরে জুনিয়র ডাক্তারদের আমরণ অনশন কর্মসূচি ইতোমধ্যে দুদিন হতে চলল। অনশন মধ্য থেকে আজ ফের একাধিক কর্মসূচির কথা ঘোষণা করেছে জুনিয়র ডক্টর্স' ফ্রন্ট।

বাইট

এদিকে, অনিয়মের অভিযোগের তদন্তে ইতি প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জেলে গিয়ে জেরা করার আবেদন জানিয়েছে। একইসঙ্গে এই মামলায় ধৃত বিপ্লব সিং ও আফসার আলিকে জেরা করার আবেদন জানানো হয়েছে। তিনজনই বর্তমানে জেল বন্দী। আলিপুরের বিশেষ সিবিআই আদালত আজ সেই আবেদন মঞ্চুর করে।

পঞ্জিকা মতে দুর্গাপুজো শুরু না হলেও মন্ডপে মন্ডপে ক্রমশ বাঢ়ছে দর্শণার্থীদের ভিড়। চলছে শেষ মুহূর্তের কেনাকাটাও। স্বাভাবিকভাবেই মেট্রো সহ বাস, ট্রেনে উপচে পড়ছে মানুষের ঢল। কলকাতার বিগ বাজেটের পুজো ছাড়াও মফৎস্বল ও জেলাগুলির পুজো প্যান্ডেলেও ভিড় লক্ষ্য করা যাচ্ছে।

যদিও আর জি কর, বারংইপুর এবং কুলতলি সহ একাধিক কাণ্ডে প্রাণহানি ও নিরাপত্তা বিহ্বিত হওয়ার ঘটনায় সারা বাংলায় এবছর পুজোয় অবসাদ এবং অনিশ্চয়তা দেখা যাচ্ছে বলে মন্তব্য করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

সংঘর্ষদীর্ঘ ইরানে খেলতে না যাওয়ায় শাস্তি হিসাবে এএফসি টু চ্যাম্পিয়ান্স লিগ থেকে বাদ পড়েছে মোহনবাগান। সরাসরি বাদ দেওয়ার কথা ঘোষণা না করে এএফসি জানিয়েছে, তারিজে ট্র্যান্টের এফসির বিরুদ্ধে খেলতে না যাওয়ায় মোহনবাগানের সব গোল ও পয়েন্ট কেটে নেওয়া হয়েছে। তাদের খেলা ম্যাচ বাতিল হিসাবে ধরা হবে। স্বাভাবিকভাবেই প্রতিযোগিতা থেকে বাদ পড়েছে সবুজ মেরুন।

উল্লেখ্য গত দোসরা অক্টোবরে তাদের ইরানে খেলতে যাওয়ার কথা ছিল।
